**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১)** পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মহাকরণে সাংবাদিক সম্মেলনে জানান, কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীনে নতুন প্রকল্প নারী আদালত রাজ্যের ১০টি পঞ্চায়েতে পাইলট প্রজেক্ট হিসাবে চালু করার জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**(২)** কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক বিকাশে আন্তরিকভাবে কাজ করছেন।

**(৩)** মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ হাঁপানিয়ার আন্তর্জাতিক প্রদর্শনী কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে স্টেট ইনোভেশন মিশন-ত্রিপুরা এবং ত্রিপুরা নার্চারিং এন্ট্রাপ্রেনারশিপ অ্যান্ড স্টার্টআপস অর্থাৎ টি-নেস্টের উদ্বোধন করেন।

**(৪)** ভারত ও ইসরায়েল আজ বেশ কয়েকটি ক্ষেত্রে একাধিক সমঝোতা স্মারক বিনিময় করেছে।

**(৫)** ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের এ বছরের মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে।

*****************************************

**Cabinet Decision :**

পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মহাকরণে সাংবাদিক সম্মেলনে জানান, কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীনে নতুন প্রকল্প নারী আদালত রাজ্যের ১০টি পঞ্চায়েতে পাইলট প্রজেক্ট হিসাবে চালু করার জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই প্রকল্পে গ্রামে অত্যাচারিত, শারীরিক নিগৃহীত কিংবা আক্রান্ত মহিলাদের জন্য বিচার প্রক্রিয়া গ্রাম পর্যায়েই করা হবে। প্রকল্পটি রাজ্যে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা

দপ্তর বাস্তবায়ন করবে। উত্তর ত্রিপুরা জেলার ফুলবাড়ি, উনকোটি জেলার শ্রীরামপুর, খোয়াই জেলার পশ্চিম সোনাতলা, পশ্চিম ত্রিপুরা জেলার লেম্বুছড়া, সিপাহীজলা জেলার খেদাছড়া, গোমতী জেলার টেপানীয়া, দক্ষিণ ত্রিপুরা জেলার বিবেকানন্দপল্লী পঞ্চায়েত সহ ধলাই জেলার সিঙ্গিনালা, হালহালি এবং উত্তর হালহালি গ্রাম পঞ্চায়েতে এই নারী আদালত চালু করা হবে। এই আদালত সর্বোচ্চ ৯ জনের কমিটি দ্বারা পরিচালিত হবে। এই কমিটিতে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের স্বনামধন্য ব্যক্তিবর্গ, রাজনৈতিক ব্যক্তিত্ব থাকতে পারবেন।

শ্রী চৌধুরী আরো জানান, মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, রাজস্ব দপ্তরের অধীনে ৬ জন অ্যাসিস্টেন্ট সার্ভে অফিসার এবং ১০ জন রেভিনিউ ইন্সপেক্টর নিয়োগ করা হবে। তাছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনে ৩২ জন জুনিয়র ড্রাইভার পদে নিয়োগ করা হবে। তিনি বলেন, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধীনে রাজ্যের সকল আবাসিক হোস্টেলগুলিতে থাকা ছাত্রছাত্রীদের দৈনিক স্টাইপেন্ড ৮০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা করা হয়েছে। আগরতলা বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরির নতুন ভবনে ইউ.পি.এস.সি পরীক্ষার জন্য কোচিং সেন্টার খোলা হবে। এস.এস.সি, আর.আর.বি এবং আই.বি.পি.এস পরীক্ষার কোচিং সেন্টার আমবাসার জি.ডি.সি'তে এবং উদয়পুরে নেতাজি সুভাষ সরকারি মহাবিদ্যালয়ে শুরু হবে।

******************************

**Union Minister Dr Jitendra Singh :**

কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক বিকাশে আন্তরিকভাবে কাজ করছেন। আজ সিপাহীজলা জেলায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প পর্যালোচনার পর তিনি সাংবাদিকদের একথা বলেন। তিনি বলেন, সিপাহীজলা জেলায় প্রশাসন ও জনপ্রতিনিধিদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে

সফলভাবে উন্নয়নমূলক কাজ পরিচালিত হচ্ছে। যার ফলে লাখপতি দিদি এবং বিভিন্ন প্রকল্পে এই জেলায় ভালো কাজ হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রী ড. সিং আজ দুপুরে সিপাহীজলা জেলার জেলা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত পর্যালোচনা বৈঠকে যোগ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক সির্দ্ধাথ শিব জয়সওয়াল, সিপাহীজলা জেলার অন্তর্গত বিভিন্ন বিধানসভা কেন্দ্রের বিধায়কগণ, মহকুমা শাসক, ও ব্লক আধিকারিকগণ।

*****************************

**State Innovative Mission in Tripura :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ হাঁপানিয়ার আন্তর্জাতিক প্রদর্শনী কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে স্টেট ইনোভেশন মিশন-ত্রিপুরা এবং ত্রিপুরা নার্চারিং এন্ট্রারপ্রেনারশিপ অ্যান্ড স্টার্টআপস অর্থাৎ টি-নেস্টের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, নীতি আয়োগের সহযোগিতায় ত্রিপুরা দেশের প্রথম রাজ্য হিসেবে এই ধরনের মিশন চালু করার গৌরব অর্জন করলো।

টি-নেস্ট সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন, এটি রাজ্য উদ্ভাবন মিশনের একটি কার্যকরী শাখা হিসেবে কাজ করবে। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উদ্ভাবন বাজারের চাহিদার সাথে সংযুক্ত করবে এবং বিনিয়োগের সুযোগ তৈরি করবে। রাজ্যের ভবিষ্যৎ পরিকল্পনার কথা তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, নীতি আয়োগের সহায়তায় ত্রিপুরা 'আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) পলিসি' আনার উদ্যোগ নেবে। আগরতলা স্মার্ট সিটিতে ট্রাফিক ম্যানেজমেন্ট, বন্যা নিয়ন্ত্রণ এবং বর্জ্য ব্যবস্থাপনায় এআই প্রযুক্তি ব্যবহার করার উদ্যোগ নেওয়া হচ্ছে। যার জন্য ইতিমধ্যেই একটি আন্তর্জাতিক সংস্থা আগ্রহও প্রকাশ করেছে। এছাড়াও রাজ্যে আইটি ও ডাটা ইকোনমিক জোন স্থাপনেরও পরিকল্পনা রয়েছে। মুখ্যমন্ত্রী জানান, বিনিয়োগকারীদের আস্থার ফলে গত এক বছরে রাজ্যে ১৫ হাজার কোটি টাকারও বেশি বিনিয়োগের প্রস্তাব এসেছে এবং ইতিমধ্যে ৯১টি প্রকল্পের কাজ শুরু হয়ে গেছে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেন, ত্রিপুরার উন্নয়নের মানচিত্রে আজ এক ঐতিহাসিক মাইলফলক রচিত হলো। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাক্ট-ইস্ট পলিসির কারণে উত্তর পূর্বাঞ্চল আজ উদ্ভাবন ও প্রযুক্তি নির্ভর উন্নয়নের ক্ষেত্রে নতুন সম্ভাবনার দিগন্ত উন্মোচন করেছে। তিনি বলেন, নীতি আয়োগের অধীনে অটল ইনোভেশন মিশনের একটি প্রধান উদ্যোগ অটল টিংকারিং ল্যাব। এটি ছাত্রছাত্রীদের উদ্ভাবন, সৃজনশীলতা এবং প্রযুক্তিগত দক্ষতা বিকাশের একটি কর্মক্ষেত্র।

অনুষ্ঠানে নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান সুমন বেরী বলেন, উদ্ভাবনই আগামীদিনের চালিকাশক্তি। বিকশিত ভারত গড়ার ক্ষেত্রে সমাজের নারী জাতির সম্মিলিত সংযোগ বিষয়েও তিনি আলোকপাত করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন নীতি আয়োগের সদস্য ড. ভি. কে. সারস্বত। উল্লেখ্য, অনুষ্ঠানে টি.আই.এফ.টি. এবং নীতি আয়োগের অটল ইনোভেশন মিশনের মধ্যে একটি স্টেটমেন্ট অব ইন্টেন্ট বিনিময় করা হয়। পাশাপাশি ত্রিপুরা সরকার ও টি-হাবের মধ্যে একটি মৌ-স্বাক্ষরিত হয়, যা রাজ্যে প্রযুক্তি নির্ভর স্টার্টআপ ইকোসিস্টেম গড়ে তুলতে সহায়ক হবে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**India-Israel Mou :**

ভারত ও ইসরায়েল সাংস্কৃতিক বিনিময়, ভূ-ভৌতিক অনুসন্ধান, মৎস্য ও জলজ পালন, ইউপিআই এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের মাধ্যমে শিক্ষার অগ্রগতি সহ বেশ কয়েকটি ক্ষেত্রে একাধিক সমঝোতা স্মারক বিনিময় করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর মধ্যে প্রতিনিধি-স্তরের আলোচনার পর এই সমঝোতা স্মারকগুলি বিনিময় করা হয়। পরে এক প্রেস বিবৃতিতে শ্রী মোদী বলেন, ভারত-ইসরায়েল সম্পর্ক গভীর আস্থা, অভিন্ন গণতান্ত্রিক মূল্যবোধ এবং গভীর মানবিক সংবেদনশীলতার দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। তিনি বলেন, এই বন্ধন সময়ের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, আজ উভয় পক্ষই সময়-পরীক্ষিত অংশীদারিত্বকে একটি বিশেষ কৌশলগত অংশীদারিত্বের মর্যাদায় উন্নীত করার ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়েছে।

#####Byte-PM#####

শ্রী মোদী বলেন, এই চুক্তি কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম এবং গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের মতো ক্ষেত্রে সহযোগিতাকে নতুন গতি দেবে।

******************************

**Madhyamik Exam :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের এ বছরের মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে। আজ প্রথম দিনে ছিল ইংরেজি বিষয় পরীক্ষা। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গন চৌধুরী আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন, ৩২ হাজার ৪০৪ জন পরিক্ষার্থীর মধ্যে আজ মাধ্যমিক

পরীক্ষায় বসেছেন ৩২ হাজার ১৮৪ জন। সারা রাজ্যে পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।

*************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ শান্তিরবাজারে দক্ষিণ জেলাভিত্তিক উদ্যম সমাগমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। মুকুট অডিটোরিয়ামে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম আয়োজিত এই সমাগমে রাজ্যপাল বলেন, ক্ষুদ্র ব্যবসা, কুটির শিল্প, বাঁশ বেতের জিনিস তৈরি, পশু পালন, ফল প্রক্রিয়াকরনের মত কাজের মাধ্যমে আর্থিকভাবে স্বনির্ভর হতে সরকার সহজ কিস্তিতে ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করেছে। বেকার যুবক-যুবতী ও গ্রামের গরীব জনগণকে এই সুযোগ গ্রহন করার পরামর্শ দেন রাজ্যপাল। তাছাড়া গর্ভবতী মায়েদের পুষ্টি, টিকাকরন, বাল্য বিবাহ রোধ, যক্ষারোগ মুক্ত ভারত গঠন, বেকার ছেলেমেয়েদের বিনামূল্যে যানবাহন চালানোর প্রশিক্ষন গ্রহনের মত বিষয়গুলির উপরও রাজ্যপাল আলোকপাত করেন। অনুষ্ঠানে তিনি কয়েকজন স্ব-রোজগারীর হাতে ব্যাংক চেক ও শংসাপত্র তুলে দেন। স্বরোজগারীদের সঙ্গে মত বিনিময়ও করেন মুখ্যমন্ত্রী। ত্রিপুরা গ্রামীন জীবিকা মিশন প্রকল্পে গঠিত স্ব-সহায়ক দলগুলির সদস্যাদের উৎপাদিত পণ্য সামগ্রীর স্টলগুলিও পরিদর্শন করেন তিনি। পরে বীরচন্দ্রমনুতে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের শূকর প্রজনন খামারটিও পরিদর্শন করেন। তিনি সাব্রুম মহকুমার সাতচাঁদ ব্লকের সুরবালা ইটভাট্টা পরিদর্শনের পর জোলাইবাড়ি ব্লকের কলসীতে ধম্মদীপা স্কুলের একটি নতুন ভবনের উদ্বোধন করেন।

*************************

**Police Week :**

পুলিশ সপ্তাহ উপলক্ষে আজ আগরতলার উমাকান্ত মাঠ প্রাঙ্গণ থেকে 'নেশা মুক্ত ত্রিপুরা' শীর্ষক ম্যারাথন দৌড় সংঘটিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন পুলিশের মহা নির্দেশক অনুরাগ। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ

মহানির্দেশক জি কে রাও, পশ্চিম জেলার জেলাশাসক ডা: বিশাল কুমার সহ অন্যান্য প্রশাসনিক ও পুলিশ আধিকারিকরা।

মহানির্দেশক অনুরাগ বলেন, রাজ্যের যুবক-যুবতীদের নেশার অভ্যাস থেকে বিরত রাখতে এবং সুস্থ সমাজ গঠনের লক্ষ্যে ত্রিপুরা পুলিশ ধারাবাহিকভাবে সচেতনতা কর্মসূচি গ্রহণ করছে। পুলিশ সপ্তাহ উপলক্ষ্যে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অঙ্গন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

জোলাইবাড়িতে টি.এস.আর নবম বাহিনী ও ১৪ নম্বর বাহিনীর উদ্যোগে নেশামুক্তি দৌড় অনুষ্ঠিত হয়। বাইখোড়া থানার উদ্যোগেও আজ বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে পুলিশ সপ্তাহ উপলক্ষে একটি বিশেষ সচেতনতামূলক কর্মসূচী অনুষ্ঠিত হয়।

পুলিশ সপ্তাহ উপলক্ষ্যে নেশামুক্ত ত্রিপুরা গঠনের আহ্বান জানিয়ে আজ কৈলাশহরে পুলিশ প্রশাসনের উদ্যোগে "সম্মিলিত দৌড়" অনুষ্ঠিত হয়। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গণে পতাকা নেড়ে এই দৌড় এর সূচনা করেন ঊনকোটি জেলার পুলিশ সুপার সুধাম্বিকা আর।

****************************

**C.B.C Meeting :**

কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ব্যুরো অব কমিউনিকেশন বা C.B.C'র উদ্যোগে আজ ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের রাজনগর গাঁও পঞ্চায়েতে অনুষ্ঠিত হয় বিশেষ সচেতনতামূলক কর্মসূচি। বিষয় ছিল বিকশিত ভারত, স্বচ্ছতা হি সেবা, এক পেড় মা কি নাম এবং নেশামুক্ত ভারত অভিযান। এই উপলক্ষ্যে আলোচনা সভায় বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, বিশিষ্ট শিক্ষাব্রতী মৃনাল কান্তি তরফদার। পৌরহিত্য করেন রাজনগর পঞ্চায়েতের প্রধান প্রীতম বিশ্বাস। এই কর্মসূচিতে বৃক্ষরোপণ, সাফাই অভিযান ও ক্যুইজ অনুষ্ঠিত হয়।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************